

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা
www.mopa.gov.bd

নম্বরঃ ০৫.০০.০০০০.২০০.১৫.০০৯.১৯-১১১

তারিখঃ ০৩ শ্রাবন ১৪২৬
১৮ জুলাই ২০১৯

বিষয় : ১২৬তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)-এ বর্ধিত প্রশিক্ষার্থী মনোনয়ন।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ২১ জুলাই ২০১৯ হতে ২৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত ৭০ (সত্তর) দিন মেয়াদে অনুষ্ঠেয় ১২৬তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে (এসিএডি) অংশগ্রহণের জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণকে নির্দেশক্রমে বর্ধিত মনোনয়ন প্রদান করা হলো :

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর	পদবি ও কর্মস্থল
১.	জনাব মোঃ দিদারুল ইসলাম (৭৯৫১)	প্রকল্প পরিচালক (উপসচিব), বিসিক শিল্পনগরী ভৈরব প্রকল্প, শিল্প মন্ত্রণালয়।
২.	জনাব এ,এস,এম ফজলুর রহমান (৭৯৮২)	প্রকল্প পরিচালক (উপসচিব), বিসিক প্লাস্টিক শিল্পনগরী প্রকল্প, শিল্প মন্ত্রণালয়।
৩.	জনাব মোহাম্মদ ইউছুফ (৭৯৮৩)	প্রকল্প পরিচালক (উপসচিব), নরসিংদী বিসিক শিল্পনগরী সম্প্রসারণ প্রকল্প, শিল্প মন্ত্রণালয়।

- ০২। মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ চলাকালে কর্মরত হিসেবে গণ্য হবেন এবং নিজ নিজ কর্মস্থল হতে বেতন-ভাতাদি গ্রহণ করবেন।
- ০৩। প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষার্থীগণকে আবশ্যিকভাবে বিপিএটিসিতে অবস্থান করতে হবে।
- ০৪। জনপ্রতি কোর্স ফি ৮০,০০০ (আশি হাজার) টাকা। মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে স্ব-স্ব দপ্তর হতে ক্রসড্ চেক/পে-অর্ডার কিংবা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে রেজিস্টার, বিপিএটিসি বরাবর জমা দিতে হবে।
- ০৫। বিপিএটিসি কর্তৃপক্ষ এই কোর্সের জন্য মনোনীত প্রশিক্ষার্থীগণের থাকা-খাওয়ার ব্যবস্থা করবে। কোর্স চলাকালীন তাঁরা শুধু ভ্রমণ ভাতা পাবেন, কোন দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।
- ০৬। প্রশিক্ষার্থীগণকে আগামী ২০ জুলাই ২০১৯ তারিখ অথবা কোর্স ম্যানেজমেন্ট কর্তৃক নির্ধারিত সময়ে বিপিএটিসিতে আবশ্যিকভাবে যোগদান করতে হবে।
- ০৭। মনোনয়নকৃত কর্মকর্তা কোর্সে যোগদানে ব্যর্থ হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। মনোনয়নপ্রাপ্ত কর্মকর্তাগণ কোর্সে অংশগ্রহণ না করলে পদোন্নতির সময় প্রশিক্ষণে ব্যর্থতার বিষয়টি বিধি অনুযায়ী বিবেচনার জন্য উপস্থাপনযোগ্য।
- ০৮। মনোনীত কর্মকর্তাগণকে বিপিএটিসি'র (www.bpatc.org.bd) ওয়েবসাইটের মাধ্যমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে।

(ফারাহু গুল নিরুমা)
উপসচিব

ফোন : +৮৮ ০২ ৯৫১৫৫২৫

ই-মেইল : it1@mopa.gov.bd

নম্বরঃ ০৫.০০.০০০০.২০০.১৫.০০৯.১৯-১১১/১(২০)

তারিখঃ ০৩ শ্রাবণ ১৪২৬
১৮ জুলাই ২০১৯অনুলিপি ৪ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব/সচিব
- ০৩। বিভাগীয় কমিশনার/চেয়ারম্যান/মহাপরিচালক/ব্যবস্থাপনা পরিচালক
- ০৪। যুগ্মসচিব (পিএসিসি/বিদেশ প্রশিক্ষণ), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ০৫। জনাব
- ০৬। উপ-সচিব, প্রশাসন-২(৪) অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় [কোর্সে যোগদানের পর এ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের কোর্স ফি বাবদ প্রত্যেকের জন্য ৮০,০০০ (আশি হাজার) টাকা করে রেজ্টার, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা বরাবরে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]।
- ০৭। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ০৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ০৯। সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১১। অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি/প্রশিক্ষণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ১২। অফিস কপি/মাস্টার ফাইল।

(ফারাহুল ইসলাম নিরুমা)

উপসচিব

ফোন : +৮৮ ০২ ৯৫১৫৫২৫

ই-মেইল : it1@mopa.gov.bd